গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ

# সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২০-২১ অর্থবছরের পঞ্চম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১১.০৪.২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০.৩০টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য সূচি-১:** সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ;

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২০-২১ এর প্রতিটি কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ০১(এক) দিনের কর্মশালা/সেমিনার, উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২(দুই) দিনের প্রশিক্ষণের আয়োজন বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপে তুলে ধরা হয়।

| অফিস | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | সম্পন্ন | অসম্পন্ন |
|---|---|---|---|---|
| **সুরক্ষা সেবা বিভাগ** | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার | ০৩টি | ০১টি | ০২টি |
| | উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | ০১টি | - |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | - | ০১টি |
| **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার | ০১টি | ০১টি | - |
| | উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | - | ০১টি |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | ০১টি | - |
| **কারা অধিদপ্তর** | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার | ০২টি | ০১টি | ০১টি |
| | উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | ০১টি | - |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | - | ০১টি |
| **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার | ০২টি | ০১টি | ০১টি |

| | | | | |
|---|---|---|---|---|
| | উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | - | ০১টি |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | ০১টি | - |
| **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার | ০৩টি | ০২টি | ০১টি |
| | উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | ০১টি | - |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের প্রশিক্ষণ আয়োজন | ০১টি (২০জন) | - | ০১টি |

**১.২ সিদ্ধান্ত:**
ক) সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহ কর্তৃক উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ০১(এক) দিনের কর্মশালা/সেমিনার, উদ্ভাবন ও সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২(দুই) দিনের প্রশিক্ষণের অসম্পন্ন কার্যক্রম আগামী ৩১ মে ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করা।

**২.০ আলোচ্য সূচি-২**: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ২০২০-২০২১ অর্থ বছরের ইনোভেশন ও সেবা সহজিকরণের প্রকাশনার তথ্য চূড়ান্তকরণ;

**২.১ আলোচনা:** এ বিভাগের প্রশাসন-১ শাখা হতে ২৪ মার্চ ২০২১ তারিখে ৪১৫ নং স্মারকমূলে প্রেরিত অফিসিয়াল পত্রের প্রেক্ষিতে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, কারা অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে প্রাপ্ত প্রকাশনার তথ্যসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**২.২ সিদ্ধান্ত:**
ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে প্রকাশনা তথ্য না পাওয়া যাওয়ায় অতি সত্তর প্রকাশনার জন্য প্রয়োজনীয় তথ্য এ বিভাগে প্রেরণ করা।
খ) সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ২০২০-২০২১ অর্থ বছরের ইনোভেশন ও সেবা সহজিকরণের প্রকাশনার তথ্য ৩০ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে যাচাই-বাছাইপূর্বক সংকলন সম্পন্ন করা।
গ) ২০ মে ২০২১ তারিখের মধ্যে প্রকাশনার কাজ সম্পন্ন করা।

**৩.০ আলোচ্য সূচি-৩**: সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইট আপলোড/আপডেট পর্যালোচনা;

**৩.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ওয়েবসাইটের বিভিন্ন গুরুত্বপূর্ণ অংশ যেমন: নোটিশ বোর্ড, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, সেবা বক্স, কর্মকর্তাবৃন্দের তথ্য, বিভিন্ন বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য, ইনোভেশন কর্ণার ইত্যাদি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখার ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের ৯৫ নং স্মারকমূল এবং ১৭ ডিসেম্বর ২০২০ তারিখের ১৫৬ নং স্মারকমূলে প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব অফিসের ওয়েবসাইটের ০৫টি সেবা বক্স হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**৩.২ সিদ্ধান্ত:**
ক) সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের আইসিটি সংশ্লিষ্ট কর্মকর্তা স্ব স্ব অফিসের ওয়েবসাইটের বিভিন্ন গুরুত্বপূর্ণ অংশ যেমন: নোটিশ বোর্ড, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, সেবা বক্স, কর্মকর্তাবৃন্দের তথ্য, বিভিন্ন বিষয়ে

ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য, ইনোভেশন কর্ণার ইত্যাদির তথ্য নিয়মিত হালনাগাদকরণ নিশ্চিত করবে। স্ব স্ব অফিসের উর্ধ্বতন কর্তৃপক্ষ বিষয়টি মনিটরিং করবে।

খ) মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন শাখার ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের ৯৫ স্মারকমূল এবং ১৭ ডিসেম্বর ২০২০ তারিখের ১৫৬ নং স্মারকমূলে প্রেরিত পত্রের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব অফিসের ওয়েবসাইটের ০৫টি সেবা বক্স অতি দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ সম্পন্ন করা।

৪.০ **আলোচ্য সূচি-৪**: বিবিধ ।

**৪.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর ৭.১ কার্যক্রম "ন্যূনতম একটি উদ্ভাবন প্রদর্শনীর (শোকেশিং) আয়োজন" বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৪.২ **সিদ্ধান্ত:**

ক) এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে উদ্ভাবন প্রদর্শনীর (শোকেশিং) Virtual Platform এ আয়োজন করা।

খ) মন্ত্রীপরিষদ বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়/ঢাকা বিশ্ববিদ্যালয়, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, a2i এবং এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তার সমন্বয়ে একটি বিশেষজ্ঞ প্যানেল তৈরি করা। উক্ত প্যানেল কর্তৃক শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা।

গ) ১০ মে ২০২১ তারিখের মধ্যে Virtual Platform এ উদ্ভাবন প্রদর্শনীর (শোকেশিং) আয়োজন সম্পন্ন করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.৫৫

তারিখ: ৬ বৈশাখ ১৪২৮
১৯ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
২) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৩) জনাব মো: মনিরুজ্জামান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৪) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৫) জনাব নিপু হালদার, সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
৬) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) এর প্রশাসনিক কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আবদুল কাদির
উপসচিব